



সংবাদ বিজ্ঞপ্তি

দ্বিতীয় মেয়াদে নোবিপ্রবির ভিসি হলেন অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১-এর ধারা ১০ (১) অনুযায়ী ড. মোঃ দিদার-উল-আলম, অবসরপ্রাপ্ত অধ্যাপক, সয়েল, ওয়াটার এন্ড এনভায়রনমেন্ট বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়-কে দ্বিতীয় মেয়াদে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ভাইস-চ্যান্সেলর পদে নিয়োগ প্রদান করা হয়েছে। আজ রবিবার (১৩ আগস্ট ২০২৩) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এর উপসচিব জনাব মোছাঃ রোখানা বেগম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়।

প্রজ্ঞাপনে বলা হয়, মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর আগামী চার বছরের জন্য এ নিয়োগ দেন। এ নিয়োগ তাঁর যোগদানের তারিখ হতে কার্যকর হবে এবং তিনি বিধি অনুযায়ী ভাইস চ্যান্সেলর পদের সাথে সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন।

উল্লেখ্য, নোবিপ্রবিতে এই প্রথম ভাইস চ্যান্সেলর পদে দ্বিতীয় মেয়াদে নিয়োগ প্রদান করা হলো।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।